# ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.১৫৫.২৩ নথির বিষয়: Repair & Maintenance of Delivery Main including Washout Line, Sluice valve and Air Release Valve at different DTW at DMA-305, 309 & 310 areas under MODS Zone-3, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: **Repair & Maintenance of Delivery Main including Washout Line, Sluice valve and Air Release Valve at different DTW at DMA-305, 309 & 310 areas under MODS Zone-3, Dhaka WASA.**

**অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২১/৮/২৩ ১:৩১ অপরাহ্ন**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ জোন। এই জোনের আওতাধীন ডিএমএ- ৩০৫, ৩০৯ ও ৩১০ এর এলাকায় গণ্যমান্য ব্যক্তিবর্গের বসবাস। বর্ণিত DMA সমূহের আওতাধীন ধানমন্ডি, রায়ের বাজার, সনাতন গড়, ঝিগাতলা, সালেক রোড, টালি অফিস, শেরেবাংলা রোড, বাংলা সড়ক, মোহাম্মদিয়া হাউজিং লি:-৩ ও লি:-৬, মোহাম্মদিয়া হোমস এলাকায় মোট ১৫টি পাম্প কম্পাউন্ডে ২৬টি পাম্প-মোটর (২টি স্ট্যান্ডবাইসহ) সমসংখ্যক ২৬ টি ডেলিভারি লাইন বিদ্যমান। ডেলিভারি লাইনগুলো পুরাতন হওয়ায় প্রায়শই লিকেজ হয়ে পানির অপচয় হচ্ছে। এতে একদিকে পানি অপচয় হয়ে ঢাকা ওয়াসা আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হয় অন্য দিকে এলাকায় পানির সংকট দেখা দেয়। এছাড়াও ডেলিভারি লাইনের স্লুইস ভাল্ব, ফ্লো-মিটার, নন-রিটান ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, প্রেসার মিটার ওয়াশআউট লাইনসহ অন্যান্য অংশ গুলো পুরাতন হওয়ায় সঠিকভাবে কাজ না করায় মাঝে মাঝে সুষ্ঠ পানি সরবরাহ ব্যাহত হচ্ছে। ফলে ঢাকা ওয়াসার আর্থিক ক্ষতিসহ সুনাম ও ক্ষুন্ন হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই দ্রুততম সময়ের মধ্যে আলোচ্য ডেলিভারি লাইনের স্লুইস ভাল্বসহ ডেলিভারি লাইন গুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ করা একান্ত প্রয়োজন। জরুরি ভিত্তিতে স্লুইস ভাল্বসহ ডেলিভারি লাইন গুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হলে NRW হ্রাস করা সম্ভব হবে এবং এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক থাকবে। সর্বোপরি ঢাকা ওয়াসার সুনাম বৃদ্ধি পাবে।

**সংযুক্তিসমূহ (৩):**

১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। প্রস্তাবিত কাজের হিসাব বিবরণী।.
৩। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।.

**অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২১/৮/২৩ ১:৩২ অপরাহ্ন**

উপরিউক্ত বর্ণনার আলোকে মড্স জোন-৩ এর আওতাধীন ডিএমএ-৩০৫, ৩০৯ ও ৩১০ এলাকায় ওয়াশআউট, স্লুইস ভাল্ব এবং এয়ার রিলিজ ভাল্বসহ ডেলিভারি লাইন গুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ করার লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৮৩,৯৮,৯৫৯.৬২১/- (তিন লক্ষ আটানব্বই হাজার নয়শত উনষাট দশমিক ছয় দুই এক) টাকা মাত্র। আলোচ্য কাজটি বিশেষ ধরণের হওয়ায় তা বাস্তবায়নের জন্য উক্ত কাজে অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন। সে মোতাবেক কাজটি ঢাকা ওয়াসার তালিকাভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মড্স জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় "পানির লাইন রক্ষণাবেক্ষণ" খাত (কোড নং- ০১-০৪-০০১) এর B.13.8 এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি ক্র: নং-০১ দ্র:)। e-GP প্রক্রিয়ায় আলোচ্য কাজের দরপত্র আহবানের জন্য CPTU প্রণীত Standard Tender Document e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসাবে নির্বাহী প্রকৌশলী, মড্স জোন-০৩ দায়িত্ব পালন করবেন এবং PE কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহবান, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও কাজ বাস্তবায়ন হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের ক্ষমতা **"প্রধান প্রকৌশলী"** মহোদয়ের আওতাধীন।

**অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২১/৮/২৩ ১:৩৩ অপরাহ্ন**

এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Repair & Maintenance of Delivery Main including Washout Line, Sluice valve and Air Release Valve at different DTW at DMA-305, 309 & 310 areas under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য মোট ৮৩,৯৮,৯৫৯.৬২১/- (তিন লক্ষ আটানব্বই হাজার নয়শত উনষাট দশমিক ছয় দুই এক) টাকা মাত্র'র প্রাক্কলনটির অনুমোদন;

খ) কাজটি বিশেষ ধরণের হওয়ায় পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে CPTU প্রণীত Standard Tender Document e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন ও আহবান করে কাজটি সম্পাদন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার "পানির লাইন রক্ষণাবেক্ষণ" (কোড নং- ০১-০৪-০০১) খাত এর B.13.8 হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লেখিত প্রস্তাবসমূহ **"প্রধান প্রকৌশলী"** মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

| | | | |
|---|---|---|---|
| ২১/৮/২৩ ১:৪০ অপরাহ্ন<br>সুদীপ্ত কুমার ঘোষ<br>উপ-সহকারী প্রকৌশলী<br>মডস জোন-৩ | ২১/৮/২৩ ২:৩৭ অপরাহ্ন<br>মোঃ নজরুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী<br>মডস জোন-৩ | ২১/৮/২৩ ৭:৪৩ অপরাহ্ন<br>জয়ন্ত সাহা<br>নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)<br>মডস জোন-৩ | ~~২১/৮/২৩ ৭:৪৩ অপরাহ্ন~~<br>~~মোঃ আব্দুল মজিদ~~<br>~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~<br>~~মডস সার্কেল-১~~ |

**অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২১/৮/২৩ ৮:০২ অপরাহ্ন**

অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাবসমূহ প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদন দেওয়া যেতে পারে।

২১/৮/২৩ ৮:০২ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

~~২১/৮/২৩ ৮:০২ অপরাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

**অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৩/৮/২৩ ৬:৫৪ অপরাহ্ন**

অনুমোদিত

২৩/৮/২৩ ৬:৫৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

২৮/৮/২৩ ৯:৪২ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২৯/৮/২৩ ১২:৩৮ অপরাহ্ন
মোঃ নজরুল ইসলাম
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

২৯/৮/২৩ ১:৪৩ অপরাহ্ন
সুদীপ্ত কুমার ঘোষ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩